# নিপোর্ট প্রকাশনা নীতিমালা, ২০২৩

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

# সূচি


| অনুচ্ছেদ | বিষয় | পৃষ্ঠা |
|---|---|---|
| - | ভূমিকা | ৩ |
| ১ | শিরোনাম | ৩ |
| ২ | সংজ্ঞা | ৩ |
| ৩ | উদ্দেশ্য | ৩ |
| ৪ | প্রকাশনা কমিটি | ৩ |
| ৫ | সম্পাদনা পরিষদ | ৪ |
| ৬ | জার্নাল ও অন্যান্য প্রকাশনার জন্য সম্মানি | ৫ |
| ৭ | প্রকাশনার অর্থ সংস্থান | ৫ |
| ৮ | প্রকাশনার শ্রেণিবিন্যাস | ৬ |
| ৯ | জার্নাল/প্রকাশনা বিক্রয়, বিতরণ ও সংরক্ষণ | ৬ |
| ১০ | প্রকাশনার স্বত্ব | ৬ |
| ১১ | বিবিধ | ৬ |

৪৯'

# নিপোর্ট প্রকাশনা নীতিমালা, ২০২৩

## ভূমিকা

স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি খাতের গবেষণা এবং প্রশিক্ষণ আরো সমৃদ্ধ এবং আন্তর্জাতিক পর্যায়ে বিকশিত করার লক্ষ্যে 'জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (NIPORT) প্রকাশনা নীতিমালা, ২০২৩' প্রণয়ন করা হলো।

**১. শিরোনাম**

এ নীতিমালা 'নিপোর্ট প্রকাশনা নীতিমালা, ২০২৩' নামে অভিহিত হবে।

**২. সংজ্ঞা**

২(১) ইনস্টিটিউট : ইনস্টিটিউট বলতে জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (NIPORT) বুঝাবে;

২(২) নীতিমালা : নীতিমালা বলতে 'জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (NIPORT) প্রকাশনা নীতিমালা, ২০২৩' বুঝাবে;

২(৩) মহাপরিচালক : মহাপরিচালক বলতে জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (NIPORT) এর মহাপরিচালক বুঝাবে;

২(৪) প্রকাশনা : প্রকাশনা বলতে অনুচ্ছেদ ৮ এ উল্লিখিত প্রকাশনাসমূহ বুঝাবে।

**৩. উদ্দেশ্য**

(ক) জার্নাল ও অন্যান্য প্রকাশনার মাধ্যমে নিপোর্ট তথা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের পরিচিতি ও মর্যাদা সমুন্নত করা;

(খ) স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টরে জ্ঞানচর্চা, গবেষণা ও প্রশিক্ষণ কার্যক্রম আরও গতিশীল, সমৃদ্ধ ও কার্যকর করার সুযোগ তৈরি করা;

(গ) স্বাস্থ্য, জনসংখ্যা এবং পুষ্টি সেক্টরে কর্মরতদের গবেষণা, মৌলিক প্রবন্ধ ও নিবন্ধ লিখনে অনুপ্রাণিত করা;

(ঘ) স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি খাতের প্রশিক্ষণ ও গবেষণা প্রবন্ধসমূহ জাতীয় এবং আন্তর্জাতিক পর্যায়ে রেফারেন্স হিসেবে ব্যবহারের সুযোগ তৈরি করা;

(ঙ) স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টরের গবেষণালব্ধ জ্ঞান জাতীয় পর্যায়ের নীতিনির্ধারণে সহায়তা প্রদান।

**৪. প্রকাশনা কমিটি**

৪(১) জার্নাল/প্রকাশনার পেশাগত, একাডেমিক ও গুণগতমান নিশ্চিত করার লক্ষ্যে নিম্নোক্ত একটি প্রকাশনা কমিটি থাকবে-

(ক) মহাপরিচালক- সভাপতি

(খ) প্রতিনিধি-০১ জন, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, (যুগ্মসচিব পদমর্যাদার কর্মকর্তা)-সদস্য

(গ) পরিচালক, প্রশাসন/প্রশিক্ষণ, নিপোর্ট-সদস্য

(ঘ) প্রতিনিধি-০১ জন, স্বাস্থ্য অধিদপ্তর, (পরিচালক পদমর্যাদার কর্মকর্তা)-সদস্য

(ঙ) প্রতিনিধি-০১ জন, পরিবার পরিকল্পনা অধিদপ্ত, (পরিচালক পদমর্যাদার কর্মকর্তা)-সদস্য

(চ) প্রতিনিধি-০১ জন, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, (পরিচালক পদমর্যাদার কর্মকর্তা)-সদস্য

(ছ) প্রতিনিধি-০১ জন, বাংলাদেশ নার্সিং মিডওয়াইফারি অধিদপ্তর, (পরিচালক পদমর্যাদার কর্মকর্তা)-সদস্য

(জ) প্রতিনিধি-০১ জন, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়, (অধ্যাপক পদমর্যাদার)-সদস্য

(ঝ) প্রতিনিধি-০১ জন, Department of Population Science, Dhaka University, (অধ্যাপক পদমর্যাদার)-সদস্য

(ঞ) প্রতিনিধি-০১ জন, Institute of Nutrition and Food Science (INFS), Dhaka University, (অধ্যাপক পদমর্যাদার)-সদস্য

(ট) প্রতিনিধি-০১ জন, Institute of Health Economics, Dhaka University, (অধ্যাপক পদমর্যাদার)-সদস্য

(ঠ) প্রতিনিধি-০১ জন, Bangladesh Civil Service Administration Academy (পরিচালক পদমর্যাদার)-সদস্য

(ড) প্রতিনিধি-০১ জন, icdddr,b, (Senior Scientist পদমর্যাদার)-সদস্য

(ঢ) প্রতিনিধি-০১ জন, Bangladesh Medical Research Council (BMRC), (পরিচালক পদমর্যাদার)-সদস্য

(ণ) পরিচালক (গবেষণা), নিপোর্ট-সদস্য সচিব।

৪(২) প্রকাশনা কমিটির কর্মপরিধি

(ক) প্রকাশনার সম্ভাব্যতা যাচাই এবং জার্নাল ও অন্যান্য প্রকাশনার পান্ডুলিপি প্রকাশনার জন্য চূড়ান্ত অনুমোদন;

(খ) জার্নাল ব্যতিরকে নিপোর্ট মহাপরিচালক এর অনুমোদনক্রমে সম্পাদক ও সম্পাদনা পরিষদ গঠন করা।

(খ) প্রকাশনা কমিটি প্রয়োজনে দেশি/আন্তর্জাতিক সংস্থা হতে সদস্য কো-আপ্ট করতে পারবে।

৫. সম্পাদনা পরিষদ

৫(১) জার্নাল ও অন্যান্য প্রকাশনা প্রকাশে পেশাগত ও একাডেমিক বিষয়ে গুণগতমান বজায় রাখতে নিম্নরূপ একটি সম্পাদনা পরিষদ থাকবে-

| | | |
|---|---|---|
| সম্পাদক | : | পরিচালক, নিপোর্ট (মহাপরিচালক কর্তৃক মনোনীত) |
| সহকারী সম্পাদক | : | স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের উপসচিব- ০১ জন, কারিকুলাম বিশেষজ্ঞ, উপপরিচালক (প্রশিক্ষণ-০১ জন), উর্ধ্বতন গবেষণা সহযোগী-০১ জন। |

৫(২) সম্পাদনা পরিষদের দায়িত্ব

(ক) প্রাকাশনার (মুদ্রণ ও অনলাইন ভার্সন) জন্য ব্যবস্থা গ্রহণ এবং জার্নাল, প্রকাশনার জন্য লেখা আহ্বান;

(খ) জার্নাল, প্রকাশনার জন্য প্রাপ্ত লেখা স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি কার্যক্রমের সাথে সংগতিপূর্ণ কি না তা নির্ধারণ করা;

৮৭

(গ) প্রকাশের জন্য জমাকৃত নিবন্ধসমূহ প্রাথমিক মূল্যায়ন করা, যার মধ্যে থাকবে

(অ) প্লেজারিজম চেক করা;

(আ) সাদৃশ্য সূচক (similarity index) ২০% এর বেশি হলে নিবন্ধ লেখককে ফিরিয়ে দেয়া ও পরিবর্তিত সংস্করণ জমা করার জন্য অনুরোধ করা; এবং প্রাথমিক মূল্যায়ন শেষে রিভিউ এর জন্য উপযুক্ত বিবেচিত হলে প্রথিতযশা গবেষকদের নিকট, যাঁদের আন্তর্জাতিকভাবে গ্রহণযোগ্য সূচিবদ্ধ (indexed) জার্নালে প্রকাশনা রয়েছে, ব্লাইন্ড রিভিউয়ের জন্য প্রেরণ করা ও মূল্যায়ন পর্ব শেষ করা। সাধারণভাবে, প্রাথমিক বাছাইকৃত প্রতিটি নিবন্ধ ২ জন রিভিউয়ার কর্তৃক মূল্যায়িত হবে। প্রথম ২ জনের মত এক না হলে, তৃতীয় রিভিউয়ারের নিকট প্রেরণ করা।

(ঘ) মূল্যায়ন প্রক্রিয়া শেষে চূড়ান্ত প্রতিবেদন, যার মধ্যে থাকবে লেখক কর্তৃক জমাকৃত চূড়ান্ত নিবন্ধ, মূল্যায়নকারীগণের মতামত, প্লেজারিজম রিপোর্ট ইত্যাদি, প্রকাশনা কমিটির নিকট অনুমোদনের জন্য উপস্থাপন করা;

(ঙ) প্রকাশনা কমিটির অনুমোদন সাপেক্ষে চূড়ান্তভাবে মনোনীত নিবন্ধসমূহ জার্নালে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা;

(চ) জার্নাল একাডেমিক মান অন্তর্জাতিক পর্যায়ে বৃদ্ধির জন্য International Standard Serial Number (ISSN) গ্রহণ করা;

(ছ) জার্নাল ব্যতিরেকে অন্যান্য প্রকাশনার ক্ষেত্রে মহাপরিচালক নিপোর্ট এর অনুমোদনক্রমে সম্পাদক ও সম্পাদনা পরিষদ গঠন করা;

(জ) সভায় উপস্থিতি, সম্পাদনা কার্যক্রম ও অন্যান্য পেশাগত দায়িত্ব পালনে সরকার নির্ধারিত হার অনুসারে সম্মানী প্রদান করা;

(ঞ) প্রকাশনা কমিটি এবং সম্পাদনা পরিষদের সামগ্রিক কার্যক্রম সমন্বয় করা;

(ট) প্রয়োজনে প্রকাশনা কমিটির অনুমোদনে দেশি, আন্তর্জাতিক সংস্থা হতে সদস সদস্য কো-আপ্ট করতে পারবেন।

৬. জার্নাল ও অন্যান্য প্রকাশনার জন্য সম্মানী

৬(১) জার্নাল ও অন্যান্য প্রকাশনার সম্মানী হার নিম্নরূপভাবে নির্ধারিত হবে-

| অনুচ্ছেদ | ক্রমিক | বিবরণ | সম্মানীর হার |
|---|---|---|---|
| ৬(১) | ক. | প্রকাশনা কমিটির সভাপতিসহ প্রত্যেক সদস্য প্রতি সভার জন্য | ৩,০০০/- (তিন হাজার) টাকা |
| | খ. | সম্পাদনা পরিষদের প্রত্যেক সদস্য প্রতি সভার জন্য | ২,০০০/-(দুই হাজার) টাকা |
| | গ. | সম্পাদক | ৩,০০০/- (তিন হাজার), টাকা |
| | | সহকারী সম্পাদক | ২,০০০/- (দুই হাজার), টাকা |
| | ঘ. | জার্নালে প্রকাশিত প্রতি মৌলিক নিবন্ধ লেখক/লেখক কর্তৃক মনোনীত স্বত্বাধিকারী একটি লেখার জন্য এককালীন সম্মানী পাবেন | ৮,০০০/- (আট হাজার) টাকা |
| | ঙ. | নিপোর্ট বার্তায় প্রকাশিত প্রতি মৌলিক লেখার জন্য লেখক এককালীন সম্মানী পাবেন (প্রতি প্রবন্ধ) | ৩,০০০ (তিন হাজার), টাকা |
| | চ. | সমীক্ষক/রিভিউয়ার (প্রতি প্রবন্ধ) | ২,০০০/- (দুই হাজার), টাকা |
| | ছ. | প্রুফ রিডিং (পৃষ্ঠা প্রতি) | ৪০/- (চল্লিশ) টাকা |
| ৬(২) | বৈদেশিক অর্থায়নের ক্ষেত্রে সম্মানির হার হ্রাস/বৃদ্ধি করা যাবে। | | অর্থ বিভাগের অনুমোদন গ্রহণ করতে হবে। |

**শর্তাবলি**

(ক) প্রকাশনা কমিটি একটি সংখ্যার জন্য সর্বোচ্চ ০১ (এক) টি সভার সম্মানী প্রাপ্য হবেন; এবং
(খ) সম্পাদনা পরিষদ একটি সংখ্যার জন্য সর্বোচ্চ ০২ (দুই) টি সভার সম্মানী প্রাপ্য হবেন।

৭. প্রকাশনার অর্থ সংস্থান

নিপোর্টের পরিচালন বাজেটের সংশ্লিষ্ট খাত থেকে প্রকাশনার ব্যয় বহন করা হবে। তবে সরকারের উন্নয়ন বাজেট এবং যে কোনো দেশি বা বিদেশি সংস্থার অর্থায়নও এ কাজে ব্যবহার করা যাবে।

৮. প্রকাশনার শ্রেণিবিন্যাস

(১) NIPORT Journal : 'NIPORT Journal' (ইংরেজি ভাষায় বছরে অন্তত দু'টি সংখ্যা প্রকাশ করা হবে);

(২) গবেষণা প্রতিবেদন : সময় সময়ে নিপোর্ট কর্তৃক পরিচালিত এবং সম্পাদিত গবেষণা কার্যক্রমের সমন্বিত প্রতিবেদন প্রকাশ;

(৩) নিপোর্ট বার্তা : নিপোর্টের গবেষণা, প্রশিক্ষণ ও প্রশাসনিক কার্যক্রমে গতিশীলতা আনয়ন এবং ব্যাপক প্রচারের নিমিত্ত বছরে ৩টি 'নিপোর্ট বার্তা' প্রকাশ;

(৪) বার্ষিক প্রতিবেদন : নিপোর্টের সামগ্রিক কার্যক্রমের উপর ভিত্তি করে বছরে

একটি বার্ষিক প্রতিবেদন প্রকাশ;

৯. **জার্নাল/প্রকাশনা বিক্রয়, বিতরণ ও সংরক্ষণ**

৯(১) নিপোর্ট কর্তৃক প্রকাশিত প্রকাশনা কর্তৃপক্ষের অনুমোদনক্রমে বিক্রয় করা যাবে এবং এ জন্য দেশি ও বিদেশি পুস্তক বিক্রেতাকে নিপোর্ট প্রকাশনা সামগ্রির বিক্রয় এজেন্ট নিয়োগ করতে পারবেন। মহান একুশে বইমেলা ও বিভিন্ন বইমেলাসহ অন্যান্য প্রদর্শনীতে নিপোর্ট অংশগ্রহণ করতে পারবে মহাপরিচালকের সম্মতিক্রমে এজেন্টদের কমিশন নির্ধারণ করা হবে;

৯(২) নিপোর্ট প্রকাশনাসমূহ সম্পর্কে অবগত করানোর জন্য বিভিন্ন প্রকাশনার সৌজন্য কপি সরকারি, বেসরকারি এবং গবেষণা প্রতিষ্ঠানের নীতি নির্ধারকদের নিকট প্রেরণ করা যেতে পারে। প্রকাশনা কমিটির সদস্য সচিব এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন;

৯(৩) সকল প্রকাশনা অনলাইন ভার্সনে প্রকাশ করা হবে;

৯(৪) প্রতিটি প্রকাশনার নির্ধারিত সংখ্যাক হার্ড কপি ও সফট কপি রেফারেন্স হিসেবে লাইব্রেরিতে সংরক্ষণ ও নিপোর্ট ওয়েব সাইটে প্রাকাশ করা হবে;

৯(৫) প্রকাশিত জার্নাল, প্রকাশনা প্রশিক্ষণের 'প্রশিক্ষণ উপকরণ' হিসাবে ব্যবহৃত হলে, উক্ত প্রকাশনার মূল্য সংশ্লিষ্ট কোর্সের প্রশিক্ষণ বাজেট থেকে নির্বাহ করা হবে।

১০. **প্রকাশনার স্বত্ব**

'NIPORT Journal' এ প্রকাশিত নিবন্ধ বা তার কোন অংশ নিবন্ধ লেখক/কোনো প্রকাশক দেশি-বিদেশি অন্য কোন জার্নালে প্রকাশ করতে পারবেন না। তবে নিবন্ধের তথ্য রেফারেন্স হিসেবে ব্যবহার করা যাবে।

১১. **বিবিধ**

১১(১) এই নীতিমালার একটি অনুমোদিত ইংরেজি ভার্সন থাকবে;

১১(২) এ নীতিমালার আওতা বহির্ভূত কোন বিষয় বিবেচনার জন্য উপস্থাপিত হলে মহাপরিচালক, নিপোর্ট প্রচলিত সরকারি আইন ও বিধিমালা অনুযায়ী সেটি নিস্পত্তি করবেন;

১১(৩) নীতিমালাটি অনুমোদনের দিন থেকে কার্যকর বলে গণ্য হবে।

১৮.০৭.২৩

মোঃ আজিজুর রহমান
সচিব
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ